দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ৫২/২০২৫ তারিখঃ ২৫/০৮/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর নথি নং-৫/কা:হা:চট্ট:/বন্ড সা:/৬৩/অফডক পলিসি/২৩(২০০৯) অংশ-৪/২০২২/১৫৯০৬/২, তারিখঃ ২১/০৮/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মো: মিজানুর রহমান
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টম হাউস, চট্টগ্রাম**
**www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd**

নথি নং-৫/কা:হা:চট্ট:/বন্ড সা:/৬৩/অফডক পলিসি/২৩(২০০৯) অংশ-৪/২০২২/১৫৯০৬/২ তারিখঃ ২১/০৮/২০২৫ খ্রি.

**বিষয়: কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক অনুমোদিত বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপো/অফ-ডকসমূহে আমদানি পণ্য স্থানান্তর, মালামাল আনস্টাফিং ও ডেলিভারির নিমিত্তে প্রয়োজনীয় নির্দেশনা।**

সূত্র: ১. জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং- ০৮.০১.০০০০.০৫৬.০৩.০০২.১৯/২২৩, তারিখ: ১৪.০৮.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে পরিচালনা এবং দেশের আমদানি-রপ্তানি বাণিজ্য নিরবচ্ছিন্ন রাখার স্বার্থে বিভিন্ন সময়ে জারিকৃত আদেশ/অনুমতিপত্রের মাধ্যমে মোট ৬৫ (পঁয়ষট্টি) ধরনের আমদানি পণ্য কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক অনুমোদিত বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপো/অফ-ডকসমূহে স্থানান্তর, মালামাল আনস্টাফিং ও ডেলিভারির অনুমতি প্রদান করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান, ব্যবসায়ী সংগঠন এবং অংশীজনবৃন্দ উক্ত আইসিডি/অফ-ডকসমূহের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালান খালাসের ক্ষেত্রে জটিলতা, সময়ক্ষেপণ ও সক্ষমতার ঘাটতির বিষয়ে উল্লেখ করে প্রতিকার চেয়ে জাতীয় রাজস্ব বোর্ড এ আবেদন করেছেন।

০৩। জাতীয় রাজস্ব বোর্ড এর সূত্রীয় পত্রের আলোকে Trade Facilitation এর স্বার্থে নিম্নোক্ত নির্দেশনাবলী পরিপালনযোগ্য;

ক) জাহাজ থেকে যেদিন কন্টেইনার নামবে, সেদিনই অফ-ডকে নিতে হবে;

খ) যদি কোন কারণে একটি লাইন/পণ্যচালানের সবগুলো কন্টেইনার প্রথম দিনে সুনির্দিষ্ট কারণে অফ-ডকে নিয়ে যাওয়া সম্ভব না হয় তাহলে দ্বিতীয় দিন ঐ নির্দিষ্ট লাইন/পণ্যচালানের অবশিষ্ট কন্টেইনার অফ-ডকে নেয়া সম্পন্ন করতে হবে। একটি লাইনের/চালানের সকল কন্টেইনার অফ-ডকে স্থানান্তরের পরেই চার্জ ধার্য করতে হবে; এবং

গ) যদি কোন বিশেষ পরিস্থিতিতে/সক্ষমতার ঘাটতির কারণে অফডক কর্তৃপক্ষ যথাযথভাবে কন্টেইনার Handle করতে ব্যর্থ হয়; সেক্ষেত্রে কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম নিজ বিবেচনায় 'ডুয়েল ডেলিভারি' অনুমোদন প্রদানের ক্ষমতা সংরক্ষণ করবেন।

০৪। এমতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রীয় পত্রটির নির্দেশনার আলোকে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

সচিব
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

স্বা:/
**[সাইদুল আলম]**
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমসের পক্ষে

নথি নং-৫/কা:হা:চট্ট:/বন্ড সা:/৬৩/অফডক পলিসি/২৩(২০০৯) অংশ-৪/২০২২/১৫৯০৬/২ তারিখ: ২১/০৮/২০২৫ খ্রি.